আল কুরআন তিলাওয়াতের
নিয়ম-কানুন

تيسير العزيز الحميد في تسهيل علم التجويد

মুহাম্মাদ নাসীল শাহরুখ

আল কুরআন তিলাওয়াতের নিয়ম-কানুন

تيسير العزيز الحميد في تسهيل علم التجويد

মুহাম্মাদ নাসীল শাহরুখ

আল কুরআন তিলাওয়াতের
নিয়ম-কানুন

মুহাম্মাদ নাসীল শাহরুখ

প্রকাশকঃ

ও.আই.ই.পি

ক-৫৩, প্রগতি সরণী, শাহজাদপুর, গুলশান, ঢাকা-১২১২

ফোন: ০১৭৭৫ ৩০০৫০০, ওয়েব: www.oiep.net

প্রকাশকালঃ

প্রথম সংস্করণ: নভেম্বর ২০১১

দ্বিতীয় সংস্করণ: জুন ২০১৪

প্রাপ্তিস্থানঃ

ও.আই.ই.পি

ক-৫৩, প্রগতি সরণী, শাহজাদপুর, গুলশান, ঢাকা-১২১২

ফোন: ০১৭৭৫ ৩০০৫০০, ওয়েব: www.oiep.net

প্রচ্ছদ ও অলঙ্করণঃ

ও.আই.ই.পি

মুদ্রণঃ

বাংলাদেশ কো-অপারেটিভ বুক সোসাইটি লিঃ

নির্ধারিত মূল্যঃ

১০০ টাকা মাত্র

Al Quran Tilawater Niyom-Kanun, by: Muhammad Naseel Shahrukh.
Published by: OIEP. Fixed Price: TK. 100.00 Only.

সূচীপত্র

ভূমিকা

সমস্ত প্রশংসা মহান আল্লাহ তাআলার যিনি মানবজাতির হেদায়েতের জন্য সর্বশেষ ও সর্বশ্রেষ্ঠ রাসূল মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এঁর প্রতি সর্বশেষ ও সর্বশ্রেষ্ঠ কিতাব আল-কুরআন নাযিল করেছেন, আল-কুরআন শিখিয়েছেন, আল-কুরআনের পঠন ও এ থেকে উপদেশ ও শিক্ষাগ্রহণকে সহজ করে দিয়েছেন আর কুরআনের ছাত্র ও শিক্ষকদেরকে শ্রেষ্ঠ মানুষ হিসেবে মনোনীত করেছেন।

আল্লাহ পাক বলেন:

﴿ ٱلرَّحْمَٰنُ ۝١ عَلَّمَ ٱلْقُرْءَانَ ۝٢ ﴾

আর-রহমান। শিখিয়েছেন আল-কুরআন।[১]

﴿ وَلَقَدْ يَسَّرْنَا ٱلْقُرْءَانَ لِلذِّكْرِ فَهَلْ مِن مُّدَّكِرٍ ۝١٧ ﴾

আর আমি আল কুরআনকে স্মরণ ও উপদেশ গ্রহণের জন্য সহজ করেছি, উপদেশ গ্রহণ করার কেউ আছে কি? [২]

নবী মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন:

خَيْرُكُمْ مَنْ تَعَلَّمَ الْقُرْآنَ وَعَلَّمَهُ

তোমাদের মধ্যে ঐ ব্যক্তি সবচেয়ে উত্তম যে আল কুরআন শেখে এবং তা শেখায়।[৩]

---

[১] সূরা আর রহমান, ৫৫ : ১-২।

[২] সূরা আল কামার, ৫৪ : ১৭।

[৩] সহীহ বুখারী - ৫০২৭।

বরকতময় এই কিতাবের প্রতিটি হরফ পাঠের জন্য বরাদ্দ রাখা হয়েছে দশটি নেকী, আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন:

من قرأ حرفا من كتاب الله فله به حسنة والحسنة بعشر أمثالها لا أقول آلم حرف ولكن ألف حرف ولام حرف وميم حرف

যে ব্যক্তি আল্লাহর কিতাবের একটি হরফ পড়বে তার জন্য এর সওয়াব আছে, **আর এই সওয়াব তার দশ গুণ হিসেবে**। আমি বলি না যে, 'আলিফ-লাম-মীম' একটি হরফ, বরং আলিফ একটি হরফ, লাম একটি হরফ এবং মীম একটি হরফ।[৪]

উপরন্তু আল্লাহ সুবহানাহু ওয়া তাআলা আল-কুরআনকে তারতীল সহকারে পাঠ করার নির্দেশ দিয়েছেন, তিনি বলেন:

وَرَتِّلِ ٱلْقُرْءَانَ تَرْتِيلًا ﴿٤﴾

আর তারতীল সহকারে আল-কুরআন পাঠ কর।[৫]

তারতীল সহকারে আল-কুরআন পাঠ করার অর্থ হরফ ও ওয়াকফগুলোকে[৬] সুস্পষ্টভাবে ব্যক্ত করে ধীরলয়ে কুরআন পাঠ।

তাই যে তারতীল সহকারে আল কুরআনকে পাঠ করবে, তার জন্য উপরের হাদীসে বর্ণিত প্রতি হরফে দশ নেকীর ওপর আরও অধিক সওয়াব রয়েছে।

---

[৪] তিরমিযী ও অন্যান্য।

[৫] সূরা আল মুযামমিল, ৭৩ : ৪।

[৬] ওয়াকফ অর্থ বিরতি বা থামা।

সুললিত কণ্ঠে আল কুরআন তিলাওয়াতের উৎসাহ দিয়ে হাদীসে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন:

زَيِّنُوا الْقُرْآنَ بِأَصْوَاتِكُمْ، فَإِنَّ الصَّوْتَ الْحَسَنَ يَزِيدُ الْقُرْآنَ حُسْنًا

তোমরা তোমাদের কণ্ঠের দ্বারা আল-কুরআনকে সৌন্দর্যমণ্ডিত কর, কেননা নিশ্চয়ই সুন্দর কণ্ঠ কুরআনের সৌন্দর্যকে বাড়িয়ে দেয়।[৭]

আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আরও বলেন:

لَيْسَ مِنَّا مَنْ لَمْ يَتَغَنَّ بِالْقُرْآنِ

যে সুর করে আল-কুরআন পড়ে না, সে আমাদের অন্তর্ভুক্ত নয়।[৮]

আর আল-কুরআনের ক্ষেত্রে এই সুন্দর কণ্ঠ কি, তাও বলে দেয়া হয়েছে অন্য হাদীসে, আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন:

إِنَّ مِنْ أَحْسَنِ النَّاسِ صَوْتًا بِالْقُرْآنِ الَّذِي إِذَا سَمِعْتُمُوهُ يَقْرَأُ حَسِبْتُمُوهُ يَخْشَى اللَّهَ

আল-কুরআনকে সবচেয়ে সুন্দর আওয়াজে পাঠকারীদের মধ্যে রয়েছে এমন ব্যক্তি **যাকে পাঠ করতে শুনলে তোমরা মনে কর যে সে আল্লাহকে ভয় করে।**[৯]

---

[৭] হাকিম ও অন্যান্য।

[৮] সহীহ বুখারী - ৭৫২৭।

[৯] ইবনে মাজাহ।

আল্লাহ সুবহানাহু ওয়া তাআলা আল কুরআনকে সংরক্ষণকারী, তিনি বলেন:

﴿ إِنَّا نَحْنُ نَزَّلْنَا ٱلذِّكْرَ وَإِنَّا لَهُۥ لَحَٰفِظُونَ ٩ ﴾

নিশ্চয়ই আমি আয-যিকর নাযিল করেছি এবং **নিশ্চয়ই আমি একে হেফাযতকারী**।[১০]

আল্লাহ তাআলা আল কুরআনের শিক্ষা, ব্যাখ্যা, অর্থ, প্রয়োগ - এ সবকিছু সংরক্ষণের পাশাপাশি এর প্রতিটি হরফের উচ্চারণ, এমনকি উচ্চারণের রীতির খুঁটিনাটি পর্যন্ত সংরক্ষণ করেছেন, ফলে কোন একটি হরফ পরিবর্তন তো দূরের কথা বরং তিলাওয়াতের সময় একে এর নির্ধারিত দৈর্ঘ্য থেকে বড় বা ছোট করাও কারও পক্ষে সম্ভব নয়, আর আল-কুরআনের অক্ষরগুলোর উচ্চারণ সংরক্ষণের মাধ্যম হল তাজউইদ শাস্ত্র - এর তত্ত্ব ও প্রয়োগ।

এই বইতে অনুসৃত পদ্ধতি ও ব্যবহৃত রেফারেন্স

প্রথমেই একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি পাঠকের দৃষ্টি আকর্ষণ করা জরুরী, তা হল: আল-কুরআন বিশুদ্ধভাবে তিলাওয়াত করতে শেখার একমাত্র উপায় হল যোগ্য শিক্ষকের মুখ থেকে সরাসরি শেখা, বই পড়ে তাজউইদের তত্ত্ব শেখা সম্ভব হলেও এর প্রয়োগ যথার্থরূপে বোঝা সম্ভব নয়। সুতরাং যিনি আল কুরআন তিলাওয়াত শিখতে চান, তিনি শিক্ষকের সহায়তা ছাড়া এককভাবে এই বইটি ব্যবহার করে খুব বেশী ফায়দা পাবেন না। বরং এই বইটি রচিত হয়েছে শিক্ষকের কাছে পড়ার পাশাপাশি রেফারেন্স হিসেবে ব্যবহারের জন্য।

---

[১০] সূরা আল হিজর, ১৫ : ৯।

দ্বিতীয়ত, বইটিকে যথাসাধ্য সহজ করে লেখার চেষ্টা করা হয়েছে, এরপরও বইয়ের বেশ কিছু জায়গা পাঠকের কাছে কঠিন ঠেকবে যদি না তিনি যোগ্য শিক্ষকের কাছ থেকে এর অর্থ ও প্রয়োগ বুঝে নেন।

তৃতীয়ত, এই বইটি রচনার মূল উৎস হিসেবে কাজ করেছে এর লেখকের ব্যবহারিক জ্ঞান, যা তিনি তার শিক্ষকের কাছ থেকে অর্জন করেছেন। এই বইয়ের লেখক তার শিক্ষকের কাছে তাজউইদ অধ্যয়ন করেছেন অনেকটা ক্লাসিক্যাল পদ্ধতিতে, তিনি তাজউইদের ওপর আরবীতে কিছু ছড়া মুখস্থ করেছেন এবং এরপর এর ব্যাখ্যা শিখেছেন এবং পরিশেষে শিক্ষকের কাছ থেকে তাজউইদ শেখানোর সনদ লাভ করেছেন, যে সনদের গোড়া মিসরের আল-আযহার বিশ্ববিদ্যালয়ের কুরআনের শিক্ষকগণ পর্যন্ত গিয়ে শেষ হয়েছে। শিক্ষকের কাছ থেকে প্রাপ্ত এই ব্যবহারিক জ্ঞানের পাশাপাশি তিনি রেফারেন্স হিসেবে আরও কিছু বইয়ের সহায়তা গ্রহণ করেছেন যার মধ্যে অন্যতম হল মিসরের প্রয়াত মনীষী আল-কুরআনের উস্তাদ মাহমূদ খলীল আল হুসারি রহমতুল্লাহি আলাইহি রচিত আহকামু কিরাআতিল কুরআনিল কারীম বইটি, যার রচয়িতা আশ-শায়খ আল-হুসারি দীর্ঘ সময় মিসরে কুরআনের শিক্ষকদের উস্তাদ ছিলেন।[১১]

চতুর্থত, এই বইয়ে উল্লিখিত প্রতিটি তথ্য ও তত্ত্বই নির্ভরযোগ্য উৎস থেকে নেয়া, তবে এর মধ্যে বাছবিচারের ক্ষেত্রে সহজতাকে প্রাধান্য দেয়া হয়েছে, কেননা তাজউইদ শাস্ত্র শিক্ষার ফসল হল কুরআনের হরফগুলো সঠিকভাবে উচ্চারণ করতে পারা, আর এই লক্ষ্য অর্জিত হলেই যথেষ্ট - সে উদ্দেশ্যে তত্ত্ব হিসেবে যেটাই ব্যবহার করা হোক না কেন। উদাহরণস্বরূপঃ দ্বাদ (ض) জিহ্বার ডান দিক থেকে, বাম দিক

[১১] উল্লেখ্য যে আল - হুসারি সর্বপ্রথম আল-কুরআনের পরিপূর্ণ অডিও রেকর্ডিং এর বিরল সম্মানের অধিকারী।

থেকে না উভয় পাশ থেকে উচ্চারণ করা সহজ - এ বিষয়ে তাজউইদ শাস্ত্রের আলেমগণের মধ্যে মতভেদ আছে, এক্ষেত্রে আমরা এই বইতে উল্লেখ করেছি যে ডান, বাম অথবা উভয় দিক থেকে তা উচ্চারণ করা যেতে পারে, আর সহজতার বিষয়টি ছেড়ে দিয়েছি পাঠদানকারী শিক্ষকের অভিজ্ঞতা ও ছাত্রের অবস্থার ওপর - একেই আমরা বিশুদ্ধভাবে কুরআন শিক্ষার ক্ষেত্রে সহজতর পন্থা বলে মনে করেছি - যদি আমাদের এই পদ্ধতি সঠিক হয়ে থাকে তবে সমস্ত প্রশংসা আল্লাহ তাআলার, নতুবা আমরা তাঁর নিকট ক্ষমা ও সংশোধনের ভিখারী।

পঞ্চমত, বইতে অনেক ক্ষেত্রে লেখক তার নিজস্ব পরিভাষা ব্যবহার করেছেন - আর তা বিষয়বস্তুকে সহজবোধ্য করার স্বার্থে।

ষষ্ঠত, এই বইয়ে উল্লিখিত মাদ্দ ও তাজউইদের অন্যান্য নিয়মকানুন ইমাম আশ-শাতিবীর পদ্ধতি অনুসরণে হাফস রিওয়ায়েত অনুযায়ী লিখিত হয়েছে, ফলে তিলাওয়াতের অন্যান্য নিয়মের সাথে কোন কোন স্থানে এর অমিল থাকা স্বাভাবিক। এর অর্থ এই নয় যে এ সমস্ত পদ্ধতির মধ্যে কোনটি ভুল আর বাকীগুলো ঠিক, বরং নবী মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে প্রাপ্ত সবগুলো পদ্ধতিই সঠিক, আর প্রত্যেকেই সেই পদ্ধতি বর্ণনা করেছেন যা তাঁর কাছে পৌঁছেছে, এর অর্থ এই নয় যে অন্যান্য পদ্ধতি ভুল।

আল্লাহ সুবহানাহু তাআলা এই বইটিকে তাঁর সন্তুষ্টি অর্জনের ওসীলা হিসেবে কবুল করুন, এর লেখক, পাঠক ও তাঁদের পিতা-মাতাগণকে ক্ষমা করুন ও রহম করুন।

ওয়া সাল্লাল্লাহু ওয়া সাল্লামা আলা নাবিয়্যিনা মুহাম্মাদ ওয়া আলা আলিহী ওয়া আসহাবিহী আজমাইন।

লেখক পরিচিতি

এই বইটির লেখক মুহাম্মাদ নাসীল শাহরুখ একজন কম্পিউটার ইঞ্জিনিয়ার(বি.এস.সি., বুয়েট), তিনি কম্পিউটার বিজ্ঞানে শিক্ষকতার পাশাপাশি দেশী ও বিদেশী আলেমগণের নিকট আল-কুরআন, আরবী ভাষা ও দীনের অন্যান্য বিষয় শিক্ষা করেছেন। বর্তমানে তিনি ইসলাম সম্পর্কে অধ্যয়ন ও ইসলামের শিক্ষাকে সহজবোধ্য বাংলা ভাষায় জনসাধারণের কাছে পৌঁছে দেয়ার কাজে নিয়োজিত আছেন।

তিনি তার কুরআনের শিক্ষকের সাথে প্রায় ২ বছর সময় ব্যয় করে তাজউইদ শিক্ষা করেছেন এবং নবী মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে উৎসারিত অবিচ্ছিন্ন রিওয়ায়েত অনুযায়ী সম্পূর্ণ আল-কুরআন পাঠ করেছেন এবং তা পাঠ করার ও অন্যকে শেখানোর সনদ লাভ করেছেন। এছাড়া তিনি তাজউইদের ওপর আরবীতে কিছু ছড়া মুখস্থ করেছেন এবং এরপর এর ব্যাখ্যা শিখেছেন এবং পরিশেষে শিক্ষকের কাছ থেকে তাজউইদ শেখানোর সনদ লাভ করেছেন, যে সনদের গোড়া মিসরের আল-আযহার বিশ্ববিদ্যালয়ের কুরআনের শিক্ষকগণ পর্যন্ত গিয়ে শেষ হয়েছে।

লেখকের সংকলিত অন্যান্য বইয়ের মধ্যে আছেঃ কালেমা তাইয়্যেবা, ফিকহুত তাহারাঃ পবিত্রতা অর্জনের বিধান ও ফিকহুস সিয়ামঃ রোযার বিধান ও মাসায়েল।

بسم الله الرحمن الرحيم

إجازة رواية حفص عن عاصم

নবী মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে অবিচ্ছিন্ন বর্ণনাধারা অনুযায়ী গোটা কুরআন পাঠ ও শিক্ষা দেয়ার সনদ

بسم الله الرحمن الرحيم

الإجازة بالتّجويد

على رواية حفص عن عاصم من طريق الشاطبية

الحمد لله والصلاة والسلام على رسول الله

التجويد على رواية حفص عن عاصم

তাজউইদ শাস্ত্রের সনদ

উন্মুক্ত ইসলাম শিক্ষা কার্যক্রমের সংক্ষিপ্ত পরিচিতি

দ্বীন সম্পর্কে জ্ঞান অর্জন ছাড়া একজন মানুষের ঈমান-আকীদা-বিশ্বাস, ইবাদত-বন্দেগী কিংবা মুআমালাত-লেনদেন - এর কোনটিই শুদ্ধভাবে করা সম্ভব নয় - আর যা শুদ্ধ নয়, তা আল্লাহর কাছে গ্রহণযোগ্য নয়। এজন্যই আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম দ্বীনের জ্ঞান অর্জন করাকে সকলের জন্য বাধ্যতামূলক বলে ঘোষণা দিয়ে বলেছেনঃ

জ্ঞানার্জন প্রত্যেক মুসলিমের ওপর ফরয। (ইবনে মাজাহ)

দ্বীন সম্পর্কে জ্ঞান অর্জন করতে পারা একজন ব্যক্তির জন্য কল্যাণের সুসংবাদ, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন:

আল্লাহ পাক যার কল্যাণ চান তাকে দ্বীনের জ্ঞান দান করেন।
(বুখারী, মুসলিম)

জ্ঞানী ব্যক্তি নিজে যেমন আলোকিত, তেমনি অপরকেও তিনি আলোকিত করেন। এজন্য জ্ঞানান্বেষী শুধু নিজের আমলের সওয়াব নয়, বরং অন্যদের আমলের সওয়াবও নিজের “হিসাবে” জমা করতে পারেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন:

যে ভাল কাজের পথ প্রদর্শন করল, তার জন্য রয়েছে এর সম্পাদনকারীর অনুরূপ সওয়াব। (মুসলিম)

জ্ঞানের আলো সমাজের সর্বস্তরে পৌঁছে দেয়ার জন্যই এই কার্যক্রম। এই কার্যক্রমের আওতায় আমরা শরীয়তের বিভিন্ন শাখার প্রয়োজনীয় জ্ঞান সুন্দরভাবে সাজানো কোর্স আকারে সর্বসাধারণের দ্বারপ্রান্তে পৌঁছে দেয়ার চেষ্টা করি।

অধ্যায় ১
তাজউইদ শাস্ত্র সম্পর্কে প্রারম্ভিক আলোচনা
(التَّمْهِيْد)

১.১ তাজউইদ শাস্ত্রের সংজ্ঞা

আরবী হরফগুলোকে এদের স্থায়ী ও অস্থায়ী বৈশিষ্ট্য রক্ষা করে উচ্চারণের সঠিক স্থান হতে উচ্চারণ করার রীতি যে শাস্ত্রে আলোচিত হয়, সেটাই তাজউইদ শাস্ত্র। সুতরাং তাজউইদ শাস্ত্রের আলোচ্য বিষয় দুটি:

১) আরবী হরফের উচ্চারণের স্থান, একে আরবীতে মাখরাজ(مَخْرَج) বলা হয়। যেমন: আইনের (ع) উচ্চারণের স্থান বা মাখরাজ হল কণ্ঠনালীর মধ্যভাগ।

২) আরবী হরফের স্থায়ী ও অস্থায়ী বৈশিষ্ট্য, একে আরবীতে সিফাত (صِفَات) বলা হয়। যেমন: ক্বাফের (ق) একটি স্থায়ী বৈশিষ্ট্য বা সিফাত এই যে এর আওয়াজ ভারী বা মোটা। তেমনি নূনের(ن) একটি অস্থায়ী বৈশিষ্ট্য এই যে নূনের ওপর সুকূন(ْ)বা জযম এবং এর পরে তা (ت) হরফটি আসলে তা অস্পষ্টভাবে উচ্চারিত হয়।

সুতরাং পরবর্তীতে এই বইয়ের সকল আলোচনাই হবে মাখরাজ ও সিফাতকে ঘিরে।

১.২ তাজউইদ শাস্ত্র শিক্ষা করার বিধান

তাজউইদ শাস্ত্রের তত্ত্ব জানা ফরযে কিফায়া, অর্থাৎ সমাজের যথেষ্ট সংখ্যক লোক যদি তা শিক্ষা করে, তবে এর ফরযিয়াত আদায় হয়ে যায়, সকলকে এই তত্ত্ব না জানলেও চলে। কিন্তু এই তত্ত্বের প্রয়োগ করা ফরযে আইন, অর্থাৎ প্রত্যেকেই কুরআন তিলাওয়াতের সময় তাজউইদের নিয়ম-কানুন রক্ষা করে তা উচ্চারণ করতে বাধ্য। বিষয়টি বোঝার জন্য একটি উদাহরণের অবতারণা করা যেতে পারেঃ উদাহরণস্বরূপ আরবী আইন (ع) হরফটি কণ্ঠনালীর মধ্যভাগ থেকে উচ্চারিত হয় - অর্থাৎ আইনের মাখরাজ কণ্ঠনালীর মধ্যভাগ - এই তত্ত্বটি এমন একদল লোক জানলেই যথেষ্ট যারা অন্যদেরকে শিক্ষা দিতে সক্ষম। কিন্তু এই তত্ত্বের প্রয়োগ অর্থাৎ বাস্তবে আইনকে কণ্ঠনালীর মধ্যভাগ থেকে উচ্চারণ করতে সকলেই বাধ্য। তাই কেউ যদি কণ্ঠনালীর মধ্যভাগ থেকে সঠিকভাবে আইন উচ্চারণ করতে সক্ষম হয়, তবে সে তার ব্যক্তিগত ফরয আদায় করেছে, যদিও বা এটা তার জানা নাও থাকে যে এর মাখরাজ কণ্ঠনালীর মধ্যভাগ। সুতরাং কুরআন সঠিকভাবে তিলাওয়াত করার চেষ্টা সকল মুসলিমকেই করতে হবে, কিন্তু এর হরফগুলোর মাখরাজ ও সিফাতের বিস্তারিত জ্ঞান সকলের না থাকলেও চলবে, বরং সমাজের একদল লোক যদি এই তত্ত্ব এমনভাবে শিক্ষা করেন যে তাঁরা অন্যদেরকে বিশুদ্ধভাবে কুরআন তিলাওয়াত শেখাতে সক্ষম - তবে সেটাই যথেষ্ট।

অধ্যায় ২
আরবী হরফের মাখরাজ
(مَخَارِجُ الحُرُوفِ)

মাখরাজ অর্থ উচ্চারণের স্থান। আরবী হরফের মাখরাজ ১৭ টি। অর্থাৎ ২৯টি আরবী হরফ ১৭টি স্থান থেকে উচ্চারিত হয়। কেননা কোন কোন স্থান থেকে একাধিক হরফ উচ্চারিত হয়, যেমনটি আমরা সামনে দেখব ইনশাআল্লাহ।

২.১ মাখরাজ - ১: মুখ ও কণ্ঠনালীর শূন্যস্থান (الجَوْف)

হরফ: ১. আলিফ(ا) ২. মাদ্দের ইয়া(ي) ৩. মাদ্দের ওয়াও(و)

বিবরণ: আমাদের আলোচ্য প্রথম মাখরাজ হল মুখ ও কণ্ঠনালীর শূন্যস্থান, যাকে আরবীতে আল জাওফ (الجَوْف) বলা হয়। এই মাখরাজ থেকে তিনটি হরফ উচ্চারিত হয়: আলিফ, মাদ্দের ইয়া এবং মাদ্দের ওয়াও। এই তিনটি হল মাদ্দ বা টানের হরফ। ইয়া সাকিন (অর্থাৎ যে ইয়া এর ওপর জযম বা সুকূন আছে) এর পূর্বের হরফে যের আসলে সেটা মাদ্দের ইয়া, আর ওয়াও সাকিনের পূর্বের হরফে পেশ আসলে তাকে মাদ্দের ওয়াও বলা হয়। এছাড়া অন্যান্য ইয়া বা ওয়াও মাদ্দের ইয়া বা মাদ্দের ওয়াও নয়। যেমন এই শব্দগুলো লক্ষ্য করুন:

قِيْلَ بَيْنَ جُوْع وَلَد

এর মধ্যে قِيْلَ শব্দের ইয়া মাদ্দের ইয়া, যা মুখ ও কণ্ঠনালীর শূন্যস্থান বা আল-জাওফ থেকে উচ্চারিত হয়।

এর মধ্যে بَيْنَ শব্দের ইয়া মাদ্দের ইয়া নয়, বরং সাধারণ ইয়া, এই সাধারণ ইয়া এর মাখরাজ আল-জাওফ নয়, অন্যত্র, যার বিবরণ সামনে আসবে।

এর মধ্যে جُوْعٍ শব্দের ওয়াও মাদ্দের ওয়াও, যা আল জাওফ অর্থাৎ মুখ ও কণ্ঠনালীর শূন্যস্থান থেকে উচ্চারিত হয়।

এর মধ্যে وَلَد শব্দের ওয়াও মাদ্দের ওয়াও নয়, বরং সাধারণ ওয়াও, এই সাধারণ ওয়াও এর মাখরাজ আল-জাওফ নয়, অন্যত্র, যার বিবরণ সামনে আসবে।

যাহোক এই তিনটি হরফ মুখ ও কণ্ঠনালীর শূন্যস্থান থেকে খোলা গলায় উচ্চারিত হবে, নীচের ছবিতে ঢেউ চিহ্নিত অংশটিই হল আল-জাওফ।

১ নং মাখরাজ (আলিফ, মাদ্দের ইয়া, মাদ্দের ওয়াও) - মুখ ও কণ্ঠনালীর শূন্যস্থান বা আল জাওফ

উদহারণঃ

আলিফ(ا):

مَا جَاءَ عَادٍ قَالَ أَضَاءَ مِرْصَاد

মাদ্দের ইয়া(ي):

فِيْ جَايِءَ الْفِيْلِ قِيْلَ يُضِيْءُ عَظِيْم

মাদ্দের ওয়াও(و):

ذُوْ سُوْءُ مَأكُوْل رَضُوْا قُوْا أَنْ فَخُوْر

২.২ মাখরাজ - ২ঃ কণ্ঠনালী বা হালকের (الْحَلْق) গোড়া বা শেষপ্রান্ত

হরফঃ ১. হামযা(ء) ২. হা(ه)

বিবরণঃ কণ্ঠনালীতে মোট ৩টি মাখরাজ আছেঃ ১) কণ্ঠনালীর গোড়া, ২) কণ্ঠনালীর মধ্যভাগ ও ৩) কণ্ঠনালীর শীর্ষ। এর প্রতিটি থেকে দুটি করে হরফ বের হয়। কণ্ঠনালীর গোড়া থেকে দুটি হরফ আসেঃ হামযা ও হা। কণ্ঠনালীর গোড়া বলতে বোঝানো হয়েছে কণ্ঠনালীর সেই অংশকে যা বুকের সাথে মিলিত হয়েছে, নীচের ছবিতে তা দেখানো আছে। কণ্ঠনালীকে আরবীতে হালক(الْحَلْق) বলা হয়।

২, ৩ ও ৪ নং মাখরাজ

২, ৩ ও ৪ নং মাখরাজ

উদাহরণ:

হামযা(ء):

تَأْكُلُونَ	أَأَمِنْتُمْ	رَآهُ	اَلْحَمْدُ
الذِّئْبُ	وَإِلَهُكُمْ	لِإِيْلَافِ	اِرْجِعِي
لُؤْلُؤًا	فَأُولَئِكَ	الْأُولَى	اُدْخُلُوا

হা(ه):

الْقَهَّارِ	جَهَرَ	هَاتُوا	هَلْ
اِهْدِنَا	عَهِدَ	مَهِيْنٍ	عَهِدْنَا
بُهْتَانًا	وَهُدًى	يَعْمَهُونَ	الْهُدْهُدَ

২.৩ মাখরাজ - ৩: কণ্ঠনালীর মধ্যভাগ

হরফ: ১. আইন(ع) ২. হা(ح)

বিবরণ: হালক বা কণ্ঠনালীর মধ্যভাগ থেকে দুটি হরফ উচ্চারিত হয়: আইন(ع) এবং হা(ح)।

উদহারণ:

আইন(ع):

فَاعْلَمْ	طُبِعَ عَلَى	الْعَالَمِينَ	عَسْعَسَ
اِعْدِلُوا	وَعِنَبًا	بَعِيد	عِجْلًا
يَدُعُّ	وَعُلِّمْتُمْ	يَشْفَعُ عِنْدَه	الْعُرْوَة

হা(ح):

أَحْمَد	أَحَدًا	حَاقَ	حَصْحَصَ
شُحَّ	حُرُمًا	حُورٌ	حُبًّا
إِحْسَانًا	ضَحِكَ	حِيْلَة	حِكْمَة

২.৪ মাখরাজ - ৪: কণ্ঠনালীর শীর্ষ

হরফ: ১. গাইন(غ) ২. খা(خ)

বিবরণ: হালক বা কণ্ঠনালীর শীর্ষ থেকে দুটি হরফ উচ্চারিত হয়: গাইন এবং খা। কণ্ঠনালীর শীর্ষ বলতে বোঝানো হচ্ছে এর সেই অংশ যা মুখের সাথে মিলিত হয়েছে। পূর্ববর্তী ছবিতে কণ্ঠনালীর শীর্ষ দেখানো হয়েছে।

উদহারণ:

গাইন(غ):

أَغْرَقْنَا	شَغَفَهَا	غَاسِقٍ	غَفْلَة
أُغْرِقُوا	غُرَابًا	غُو	غُلْبًا
أَنِ اغْدُوا	فَسَيُنْغِضُونَ	وَغِيضَ	غِلْمَانٌ

খা(خ):

فَخَّار	أَخَذَ	خَالِدِينَ	خَرْدَل
أُخْتَهَا	خُشَّعًا	فَخُور	الخُرْطُوم
إِخْوَانًا	بَخِلَ	أَخِي	خِزْيٌ

২.৫ মাখরাজ - ৫: জিহ্বার শেষাংশ

হরফ: ক্বাফ(ق)

বিবরণ: মুখ থেকে জিহ্বার সবচেয়ে দূরের অংশটিই হল এর শেষাংশ, আর এখান থেকে একটি হরফ উচ্চারিত হয়: ক্বাফ।

৫ নং মাখরাজ - ক্বাফ(ق)

জিহ্বা থেকে উচ্চারিত বিভিন্ন হরফের মাখরাজ

উদাহরণ(ق):

أأقْسَمْتُم	اِلْتَقَتَا	قَالَ	قَدْ
أُقْسِمُ	ثَقُلَتْ	فَقُوْلَا	قُلْ
اِقْرَأْ	يُشَاقِقِ الرَّسُوْلَ	الْمُسْتَقِيْم	قِرَدَة

২.৬ মাখরাজ - ৬: জিহ্বার শেষাংশ হতে একটু সামনের দিকে

হরফ: কাফ(ك)

বিবরণ: জিহ্বার শেষাংশ, অর্থাৎ ক্বাফের(ق) মাখরাজ থেকে একটু সামনে জিহ্বার যে অংশ, তা থেকে কাফ(ك) উচ্চারিত হয়। অর্থাৎ কাফের(ك) মাখরাজ ক্বাফের(ق) তুলনায় ঠোঁটের কাছাকাছি।

৬ নং মাখরাজ(ك), আরও দেখুন: ২৬ পৃষ্ঠার চিত্র

উদহারণ(ك):

أَكْرَمَنِ	شَكَرَ	كَادَ	كَيْفَ
تُكْرِمُوْنَ	أُكُلُهَا	شَكُوْرًا	كُفُوًا
رِكْزًا	نَكِدًا	الْمِسْكِيْنِ	كِرَامًا

২.৭ মাখরাজ - ৭: জিহ্বার মধ্যভাগ

হরফ: ১. জীম(ج) ২. শীন(ش) ৩. ইয়া(ي)

বিবরণ: জিহ্বার মধ্যভাগ থেকে জীম, শীন ও ইয়া - এই তিনটি হরফ উচ্চারিত হয়। এই মাখরাজটি ক্বাফ(ق) ও কাফের(ك) তুলনায় ঠোঁটের আরও কাছাকাছি। জীম উচ্চারণের জন্য জিহ্বার মধ্যভাগকে লম্বালম্বি এর ওপরের তালুতে শক্তভাবে লাগাতে হবে। তবে শীন ও ইয়া উচ্চারণের ক্ষেত্রে জিহ্বা ও তালুর মাঝে ফাঁকা থাকবে।

৭ নং মাখরাজ(জীম, শীন, ইয়া), আরও দেখুন: ২৬ পৃষ্ঠার চিত্র

উদহারণ:

জীম(ج):

أَجْمَعِيْنَ	فَجَرَة	جَاءَ	جَلْداً
حُجَّة	لِجُلُودِهِم	جُوْع	جُنْداً
اِجْتَنِبُوا	وَجِلَتْ	رَجِيْم	وَالْجِبَال

শীন(ش):

الشَّيْطَان	رَشَداً	شَاء	شَكٌّ
مُشْرِكِين	وَشُرَكَاءَكُمْ	فَامْشُوْا	شُرَّعاً
عِشْرُونَ	خَشِيَ	عَشِيْرَتَكُمْ	شِرْبٌ

ইয়া(ي):

مَيْمَنَة	بِيَدِهِ	قِيَامًا	يَلِدْ
سُيِّرَتْ	سَيُرِيْكُم	وَلَمْ يُوْلَدْ	يُدْرِيْكَ
إِيَّاكَ	مِنِّي يُمْنَى	يَسْتَحْيِيْ	لِسَعْيِهَا

২.৮ মাখরাজ - ৮: জিহ্বার পাশের পেছনের অংশ ও উপরের পাটীর পেছনের দাঁত

হরফ: দ্বাদ(ض)

বিবরণ: জিহ্বার পাশ থেকে দুটি হরফ উচ্চারিত হয়: দ্বাদ(ض) এবং লাম(ل)। পরবর্তী ছবিতে তা স্পষ্টভাবে দেখানো হয়েছে। জিহ্বার কোন এক পাশকে যদি মোটামুটি দুভাগে ভাগ করা হয়, তবে এর পেছনের অংশ থেকে দ্বাদ আর সামনের অংশ থেকে লাম উচ্চারিত হয়। দ্বাদ উচ্চারণের জন্য জিহ্বার পাশের পেছনের অংশকে এর সমান্তরালে অবস্থিত উপরের পাটীর দাঁতে বা এর মাঢ়ীতে লাগানো হয়। দ্বাদ ও লাম উচ্চারণের জন্য জিহ্বার বাম পাশ অথবা ডান পাশ অথবা উভয় পাশ ব্যবহার করা যেতে পারে।

জিহ্বা থেকে উচ্চারিত বিভিন্ন হরফের মাখরাজ

৮ নং মাখরাজ (ض)

উদহারণ(ض):

نَضْرَة	فَضَحِكَتْ	ضَاقَت	ضَلَّ
نَضَّاخَتَان	عَضُدًا	فَضْرِبَ	وَالضُّحَى
رِضْوَانًا	رَضِيَ	ضِيْزَى	ضِرَارًا

২.৯ মাখরাজ - ৯: জিহ্বার পাশের সামনের অংশ ও উপরের মাঢ়ী

হরফ: লাম(ل)

বিবরণ: জিহ্বার কোন একটি পাশকে দুভাগে ভাগ করলে এর পেছনের অংশ থেকে দ্বাদ আর সামনের অংশ থেকে লাম উচ্চারিত হয়। লাম উচ্চারণের জন্য জিহ্বার কোন এক পাশ অথবা উভয় পাশের সামনের অংশকে এর উপরস্থ মাঢ়ীতে লাগাতে হয়।

৯ নং মাখরাজ (লাম), আরও দেখুন: ৩১ পৃষ্ঠার চিত্র

উদহারণ(ل):

الْحَمْدُ	فَانْفَلَقَ	لَابِثِيْنَ	لَيْسَ
كُلُّ أُمَّةٍ	ذُلُلاً	ذَلُولاً	لُقْمَانُ
مِلَّةَ	عَلَيْهِ لِبَداً	قَلِيْلاً	لِبَاساً

২.১০ মাখরাজ - ১০: জিহ্বার ডগা থেকে একটু ভিতরের অংশ (طَرَفُ اللِّسَانِ) ও ওপরের মাড়ী

হরফ: নূন(ن)

বিবরণ: এই মাখরাজ এবং এর পরবর্তী বেশ কয়েকটি মাখরাজের হরফগুলো উচ্চারণের জন্য জিহ্বার ডগা বা শীর্ষ থেকে খানিকটা ভিতরের অংশটি ব্যবহার করতে হয়, একে তাজউইদের পরিভাষায় **তারাফুল লিসান** বলা হয়, আমরাএকে জিহ্বার **তারাফ** বলতে পারি। এখন থেকে এই বইয়ের কোন স্থানে জিহ্বার তারাফ বললে এই স্থানটিকে বুঝতে হবে। ৩১ ও ৩৫ পৃষ্ঠার ছবিতে স্পষ্ট করে স্থানটি দেখানো আছে। নূন উচ্চারণের জন্য জিহ্বার তারাফকে ওপরের মাড়ীতে লাগাতে হবে।

১০ নং মাখরাজ (নূন), আরও দেখুন: ৩১ পৃষ্ঠার চিত্র

উদহারণ(ن):

أَنْعَمْتَ	أَنَا رَبُّكُم	نَاضِرَةٌ	نَسْفًا
فَسَيُنْغِضُوْنَ	وَنُفِخَ	نُوْدِيَ	نُطْفَةٌ
مِنْهَا	أَنِ اقْتُلُوا	أَنِيْبُوا	نِعْمَةٌ

২.১১ মাখরাজ - ১১: জিহ্বার তারাফ ও ওপরের মাড়ী, তবে নূনের মাখরাজ থেকে খানিকটা ভেতরে

হরফ: রা(ر)

বিবরণ: রা এর মাখরাজ নূনের মাখরাজের তুলনায় জিহ্বার একটু ভিতরের দিকে। জিহ্বার এই অংশটি ওপরের মাঢ়ীতে লাগিয়ে রা উচ্চারিত হয়।

১১ নং মাখরাজ (রা), আরও দেখুন: ৩১ পৃষ্ঠার চিত্র

জিহ্বার বিভিন্ন মাখরাজের তুলনামূলক চিত্র

উদহারণ(ر):

رَهْطٍ	رَانَ عَلَى	جَرَمَ	الرَّحْمَن
رُشْدًا	غَرُور	جُرُزًا	شُرَّعًا
رِكْزًا	فَرِيْقًا	فَشَرِبُوا	مِنْ شَرِّ ما

২.১২ মাখরাজ - ১২: জিহ্বার ডগা থেকে একটু ভিতরের অংশ বা জিহ্বার তারাফ (طَرَفُ اللِّسَانِ) ও ওপরের দাঁতের গোড়া

হরফ: ১. তা(ت) ২. দাল(د) ৩. ত্বা(ط)

বিবরণ: জিহ্বার তারাফ ওপরের পাটীর সামনের দুই দাঁতের গোড়ায় লাগিয়ে তিনটি হরফ উচ্চারিত হয়: তা, দাল ও ত্বা।

১২ নং মাখরাজ (তা, দাল, ত্বা), আরও দেখুন: ৩১ পৃষ্ঠার চিত্র

উদহারণ:

তা(ت):

أَتْمَمْتُ	فَتَرَاهُ	تَارَةً	تَسْمَعُ
أُتْلُ مَا	كُتُبِهِ	تُوْلِجُ	تُؤْمِنُونَ
اِتَّخَذُوا	أَتِمُّوا	فَتِيْلاً	تِلْكَ

দাল(د):

أَدْنٰى	فَقَدَرَ	دَابَّةً	دَلْوَهُ
ثُمَّ رُدُّوا	لِدُلُوكِ	دُونَ	دُنْيَا
فِدْيَةٌ	قُدِرَ	يَوْمِ الدِّيْنِ	دِهَاقًا

ত্বা(ط):

أَطْعِمُوا	مَطَرًا	طَاعِمٍ	طَلْعُهَا
عُطِّلَتْ	فَطُبِعَ	وَالطُّوْرِ	طُوبَى
أَوْ إِطْعَامٌ	بَطِرَتْ	مِنْ طِيْنٍ	طِبَاقًا

২.১৩ মাখরাজ - ১৩: জিহ্বার তারাফ ও ওপরের পাটীর সামনের দুই দাঁতের শীর্ষ

হরফ: ১. সা(ث), ২. যাল(ذ), ৩. য্বা(ظ)

বিবরণ: জিহ্বার তারাফ ওপরের পাটীর সামনের দুই দাঁতের গোড়ায় লাগিয়ে তা, দাল ও ত্বা উচ্চারিত হয়, আর দাঁতের শীর্ষে লাগিয়ে উচ্চারিত হয় সা, যাল ও য্বা।

১৩ নং মাখরাজ (ظ ذ ث), আরও দেখুন: ৩১ পৃষ্ঠার চিত্র

উদহারণঃ

সা(ث):

أَثْقَالاً	مَثَلاً	النَّفّٰثٰتِ	كَوْثَر
اُثْبُتُوا	كَثُرَتْ	مَاكِثُونَ	ثُمَّ
اِثَّاقَلْتُمْ	جِثِيًّا	كَثِيْرًا	ثِقَالاً

যাল(ذ):

وَالذّٰرِيٰتِ	فَقَذَفَ	ذَاقَ	ذَرْنِيْ
عُذْرًا	أُذُنٌ	ذُوْ عِلْمٍ	ذُقْ
عَلَيْهِ الذِّكْرُ	وَأَذِنَتْ	نَذِيْر	أَذِنْتَ

য্বা(ظ):

أَظْلَمَ	فَظَلَمُوا	ظَالِم	ظَمْآنُ
تُظْلَمُونَ			فَانْظُرْ
فِي الظُّلُمَاتِ	فَنَظِرَةٌ	عَظِيْم	ظِلٌّ

২.১৪ মাখরাজ - ১৪: জিহ্বার ডগা ও নীচের পাটির দাঁতের শীর্ষ

হরফ: ১. যা(ز), ২. সীন(س), ৩. স্বাদ(ص)

বিবরণ: এর পূর্বের মাখরাজগুলোতে জিহ্বার **তারাফ** ব্যবহার করা হয়েছে, যা কিনা জিহ্বার ডগা বা শীর্ষ থেকে একটু ভিতরের অংশ, আর এই মাখরাজে ব্যবহার হবে জিহ্বার ডগা বা শীর্ষ। জিহ্বার শীর্ষ নীচের পাটির দুই দাঁতের শীর্ষে লাগিয়ে এই তিনটি হরফ উচ্চারিত হয়।

১৪ নং মাখরাজ (ص س ز), আরও দেখুন: ৩১ পৃষ্ঠার চিত্র

উদহারণঃ

যা(ز):

الزَّاد	نَزَلَ	فَزَادَهُم	جَزَيْنَاهُم
أُزْلِفَتْ	نُزُلاً	تَكْنِزُونَ	زُرْتُم
فِيْ الزُّبُر	أَزِفَت	عَزِيْز	زِلْزَالَهَا

সীন(س):

يُوَسْوِسُ	فَسَجَدَ	سَارِعُوا	سَلْ
لَتُسْأَلُنَّ	رُسُلِهِ	بِسُوَرٍ	سُلْطَانًا
قِسِّيْسِيْنَ	نَسِيًّا	فَسِيْرُوا	سِحْرٌ

স্বাদ(ص):

الصَّمَد	نَكَصَ عَلَى	صَالِحِيْنَ	صَلْصَال
أَقِيْمُوا الصَّلَاةَ		صُوْرَةَ	فَلْيَصُمْهُ
مِصْرًا	حَصِرَتْ	نَصِير	صِنْوَان

২.১৫ মাখরাজ - ১৫: ওপরের পাটির সামনের দুই দাঁতের কিনারা এবং নীচের ঠোঁটের ভেতরের অংশ

হরফ: ফা(ف)

বিবরণ: ওপরের পাটির সামনের দুই দাঁতকে নীচের ঠোঁটের ভেতরের অংশে লাগিয়ে **ফা** উচ্চারণ করা হয়।

১৫ নং মাখরাজ (ফা)

উদহারণ(ف):

كَفَّارَةَ	كَفَرَ	فَاحِشَةَ	وَالْفَتْحُ
كُفَّاراً	كُفُواً	كَافُوْرًا	فُرْقَان
خِفْتُمْ	رُفِعَتْ	الْفِيْلِ	فِدْيَةَ

২.১৬ মাখরাজ - ১৬: দুই ঠোঁট

হরফ: ১. ওয়াও(و), ২. বা(ب), ৩. মীম(م)

বিবরণ: ঠোঁট থেকে ওয়াও, বা ও মীম - এই তিনটি হরফ উচ্চারিত হয়। ওয়াও উচ্চারণের জন্য ঠোঁটকে গোল করে দুই ঠোঁটের মাঝে ফাঁকা রাখতে হয়, অপরপক্ষে **বা** ও **মীম** উচ্চারণের জন্য দুই ঠোঁট পরস্পর স্পর্শ করে। **বা** ও **মীমের** পার্থক্য হল: **বা** উচ্চারণে ঠোঁটের ভেতরের দিকের ভেজা অংশ ব্যবহৃত হয়, অপরপক্ষে **মীম** উচ্চারণের জন্য ঠোঁটের বাইরের দিকের শুকনো অংশ ব্যবহৃত হয়।

১৬ নং মাখরাজ (ওয়াও, বা, মীম)

উদহারণ:

ওয়াও(و):

الأَوَّلِيْنَ	وَوَجَدَكَ	وَادٍ	وَالْعَصْرْ
قُوَّةَ	وَوُجُوه	فَأْوُوْا	وُدًّا
مِنْ وَّال	يُوَسْوِسُ	طَوِيْلًا	وِلْدَان

বা(ب):

أَبًّا	غَبَرَة	بَازِغَة	بَيْتٌ
الكُبْرَى	كُبُرَ	عَبُوسًا	بُهْتَانًا
إِبْرَاهِيْم	رَبِحَتْ	سَبِيْلًا	بِسْمِ

মীম(م):

أَمَّارَةَ	أَمَرَةَ	مَانِعَتُهُم	مَنْ
أُمِّهِ	يَوْمِ الْجُمُعَةِ	ثَمُودُ	مُهْطِعِيْنَ
لِكُلِّ امْرِئٍ	ثَلَاثَ مِائَةٍ	أَمِيْنٌ	مِثْلُكُم

২.১৭ মাখরাজ - ১৭: নাক ও মুখের সংযোগস্থল বা খাইশূম(خَيْشُوم)

হরফঃ গুন্নাহ

বিবরণঃ গুন্নাহ মূলত কোন হরফ নয়, বরং তা নাক থেকে নির্গত এক ধরনের আওয়াজ যা কুরআন তিলাওয়াতের ক্ষেত্রে বিশেষ বিশেষ স্থানে করা হয়। এই আওয়াজ নাকের শেষ অংশ অর্থাৎ নাক ও মুখের সংযোগস্থল থেকে আসে। গুন্নাহ কোথায় ও কিভাবে হয় এর বিবরণ সামনের অধ্যায়গুলোতে আসছে।

চিত্রঃ ১৭ নং মাখরাজ - গুন্নাহ

উদহারণঃ إِنَّ إِمَّا

অধ্যায় ৩
আরবী হরফের সিফাত বা বৈশিষ্ট্য
(صِفَاتُ الْحُرُوْفِ)

আরবী হরফসমূহের স্থায়ী বৈশিষ্ট্য বা সিফাত ১৭ টি। এগুলোকে স্থায়ী বলার অর্থ এই যে হরফগুলোর মধ্যে এই সিফাতগুলো সবসময়ই বিদ্যমান থাকে। আরবী হরফ উচ্চারণের সময় এই সিফাতগুলো রক্ষা করা অত্যন্ত জরুরী। এর মধ্যে ১০টি সিফাত জোড়ায়-জোড়ায় থাকে, আর বাকী ৭টি সিফাত এককভাবে আসে। জোড়ায় জোড়ায় সিফাত আসার অর্থ এই যে কোন একটি হরফের মধ্যে একটি থাকলে জোড়ার অপরটি থাকবে না। অন্যভাবে বলা যায় প্রতিটি হরফে এই ৫ জোড়ার প্রত্যেক জোড়া থেকে একটি বৈশিষ্ট্য অবশ্যই থাকবে। আর বাকী ৭টি সিফাত এককভাবে আসে, অর্থাৎ কোন হরফের তা আছে আবার কোন হরফের তা নেই। নীচে প্রথমে জোড় বৈশিষ্ট্যগুলো এবং এরপর একক বৈশিষ্ট্যগুলো বর্ণনা করা হল:

৩.১ সিফাত ১ ও ২: হামস(هَمْس) ও জাহর(جَهْر)

হরফ উচ্চারণের সময় বাতাস নির্গত হওয়ার বৈশিষ্ট্যকে "হামস" বলা হয়। এই বৈশিষ্ট্যপূর্ণ হরফ ১০টি, এগুলো হচ্ছে:

ت ث ح خ س ش ص ف ك ه

এগুলো সহজে মনে রাখার জন্য একটি বাক্য হল: **ফাহাসসাহু শাখসুন সাকাত (فَحَثَّهُ شَخْصٌ سَكَتْ)**। এর বিপরীত বৈশিষ্ট্য, অর্থাৎ বাতাসের নির্গমন বন্ধ থাকাকে "জাহর" বলা হয়। "হামস" এর হরফ ছাড়া বাকীগুলো "জাহর" এর হরফ। অর্থাৎ উপরে বর্ণিত ১০টি হরফ হামস আর বাকীগুলো জাহর। অন্যভাবে বলা যায়, কোন একটি হরফ হয় **হামস** সিফাত বিশিষ্ট হবে, নয়তো **জাহর** সিফাত বিশিষ্ট হবে, অর্থাৎ কোন একটি হরফ উচ্চারণের সময় হয় বাতাস বের হবে, নতুবা বাতাসের নির্গমন বন্ধ থাকবে।

৩.২ সিফাত ৩ ও ৪ শিদ্দাহ (شِدَّة) এবং রাখাওয়াহ (رَخَاوَة)

"শিদ্দাহ" অর্থ হচ্ছে আওয়াজ বন্ধ হয়ে যাওয়া অর্থাৎ তা অবিরত না থাকা। এই হরফগুলো মাখরাজে দৃঢ়ভাবে স্থির থাকে এবং শক্তভাবে উচ্চারিত হয়। এই বৈশিষ্ট্যপূর্ণ হরফ ৮টি, এগুলো হচ্ছে:

ء ب ت ج د ط ق ك

এগুলো সহজে মনে রাখার জন্য একটি বাক্য হল: **আজিদ কাতিন বাকাত (أَجِدْ قَطٍ بَكَتْ)**।

এই ৮টি হরফ ছাড়া বাকীগুলো "রাখাওয়াহ" বৈশিষ্ট্যসম্পন্ন, অর্থাৎ এগুলো নরম করে উচ্চারিত হয় এবং এর আওয়াজ দীর্ঘক্ষণ অবিরত থাকে। তবে এর মধ্যে ৫টি হরফ আছে যেগুলো অপেক্ষাকৃত শক্ত এবং এর আওয়াজ খুব বেশীক্ষণ অবিরত থাকে না, এগুলোকে শক্ত ও নরমের মাঝামাঝি মাঝারী হরফ হিসেবে বিবেচনা করা যেতে পারে, এই মধ্যবর্তী বৈশিষ্ট্যকে **তাওয়াস্‌সুত (تَوَسُّط)** বলা হয়। "তাওয়াস্‌সুত" বৈশিষ্ট্যপূর্ণ হরফগুলো অপেক্ষাকৃত কম শক্ত এবং

এগুলোর আওয়াজ কিছুক্ষণ অব্যাহত থাকে, দীর্ঘক্ষণ নয়। এই বৈশিষ্ট্যপূর্ণ হরফ ৫টি, এগুলো হচ্ছে:

ر ع ل م ن

এগুলো সহজে মনে রাখার জন্য একটি বাক্য হল: **লিন উমার** (لِنْ عُمَرْ)। শিদ্দাহ ও রাখাওয়াহ এর মধ্যবর্তী হওয়ায় তাওয়াসসুত বৈশিষ্ট্যকে গণনা করা হয় নি, আর তা গণনা করলে সিফাতের সংখ্যা ১৮টি হবে। যা হোক হরফগুলো তিন প্রকার:

১) শিদ্দাহ বৈশিষ্ট্যসম্পন্ন হরফ ৮টি: ء ب ت ج د ط ق ك

২) তাওয়াসসুত বৈশিষ্ট্যসম্পন্ন হরফ ৫টি: ر ع ل م ن

৩) রাখাওয়াহ বৈশিষ্ট্যসম্পন্ন হরফ: বাকীগুলো।

৩.৩ সিফাত ৫ ও ৬: ইসতি'লা (إِسْتِعْلَاء) ও ইসতিফাল (إِسْتِفَال)

"ইসতি'লা" অর্থ হচ্ছে হরফ উচ্চারণের সময় জিহ্বার পেছনের অংশ উঁচু হওয়ার কারণে এর আওয়াজ ভারী বা মোটা হওয়া। এই বৈশিষ্ট্যপূর্ণ হরফ ৭টি, এগুলো হচ্ছে:

خ ص ض ط ظ غ ق

এগুলো সহজে মনে রাখার জন্য একটি বাক্য হল: **খুসসা দাগতিন কিয** (خُصَّ ضَغْطٍ قِظْ)। এই ৭টি হরফ ব্যতীত বাকীগুলোর বৈশিষ্ট্য হল "ইসতিফাল" অর্থাৎ জিহ্বার পেছনভাগ উঁচু না হওয়া, ফলে এই হরফগুলোর আওয়াজ পাতলা হয়।

লক্ষণীয়: আমরা অনেক সময় এই ভারী হরফগুলো উচ্চারণ করার জন্য ঠোঁট গোল করি - এটা ঠিক নয়। হরফ ভারী বা পাতলা হওয়ার সাথে ঠোঁটের কোন সম্পর্ক নেই, ঠোঁট গোল হয় শুধু মাত্র **ওয়াও** হরফে আর পেশ উচ্চারণ করার সময়। উপরের সাতটি ভারী হরফ উচ্চারণের সময় ঠোঁট গোল হবে না, বরং জিহ্বার পেছন উঁচু করার মাধ্যমে আওয়াজকে ভারী করতে হবে।

৩.৪ সিফাত ৭ ও ৮: ইতবাক (إِطْبَاق) ও ইনফিতাহ(اِنْفِتَاح)

"ইতবাক" অর্থ হরফ উচ্চারণের সময় জিহ্বা তালুর অতি নিকটবর্তী হওয়া, অর্থাৎ এর মধ্যাংশ এবং পেছনের অংশ উঁচু হওয়া, যার ফলে এর আওয়াজ খুব বেশী মোটা হয়। এই বৈশিষ্ট্যপূর্ণ হরফ ৪টি, এগুলো হচ্ছে: (ص ض ط ظ)। এই ৪টি হরফ ব্যতীত বাকীগুলোর বৈশিষ্ট্য হল "ইনফিতাহ" অর্থাৎ জিহ্বা ও তালুর মাঝে দূরত্ব থাকা।

৩.৫ সিফাত ৯ ও ১০: ইযলাক (إِذْلَاق) ও ইসমাত(إِصْمَات)

"ইযলাক" অর্থ জিহ্বা অথবা ঠোঁটের প্রান্ত থেকে সহজে, হালকাভাবে ও বিনা কষ্টে উচ্চারিত হওয়া। এই বৈশিষ্ট্যপূর্ণ হরফ ৬টি, এগুলো হচ্ছে:

ب ر ف ل م ن

এগুলো সহজে মনে রাখার জন্য একটি বাক্য হল: **ফিররা মিন লুব্ব** (فِرَّ مِنْ لُبّ)। এই ৬টি হরফ ব্যতীত বাকীগুলোর বৈশিষ্ট্য হল "ইসমাত" অর্থাৎ এগুলোর উচ্চারণ অপেক্ষাকৃত কঠিন।

৩.৬ সিফাত ১১: সফীর(صَفِيْر)

"সফীর" অর্থ হরফ উচ্চারণের সময় বাড়তি তীক্ষ্ণ আওয়াজ নির্গত হওয়া যা কোন কোন পাখির আওয়াজের অনুরূপ। এই বৈশিষ্ট্যপূর্ণ হরফ ৩টি, এগুলো হচ্ছে: (ز س ص)।

৩.৭ সিফাত ১২: কলকলাহ(قَلْقَلَة)

"কলকলাহ" অর্থ শব্দের কম্পন যা প্রতিধ্বনির মত শ্রুত হয়। এই বৈশিষ্ট্যপূর্ণ হরফ ৫টি, এগুলো হচ্ছে:

ب ج د ط ق

এগুলো সহজে মনে রাখার জন্য একটি বাক্য হল: **কুতবু জাদ (قُطْبُ جَدٍ)**। এই হরফগুলোর ওপর জযম থাকলে অর্থাৎ এগুলো "সাকিন" অবস্থায় থাকলে এগুলোতে "কলকলাহ" হয়ে থাকে। উদাহরণস্বরূপ নিচের শব্দগুলোতে কলকলাহ হবে:

أَقْلَامٌ، إِطْعَامٌ، أَجْمَعِيْنَ، إِبْراهِيمُ، أَحَدٌ

কলকলাহ বেশী, মাঝারি ও কম হয়, শব্দের শেষে তাশদীদ বিশিষ্ট কলকলার হরফ থাকলে এতে ওয়াকফ করার ক্ষেত্রে কলকলাহ বেশী হবে, আর শব্দের শেষে অবস্থিত কলকলার হরফে তাশদীদ ব্যতীত অন্য কোন হরকত থাকলে সুকূন দিয়ে ওয়াকফ করার ক্ষেত্রে মাঝারি কলকলাহ হবে, আর শব্দের মধ্যবর্তী সুকূনবিশিষ্ট হরফে তা ছোট হবে, যেমন:

বড় কলকলাহ: وَتَبَّ

মাঝারি কলকলাহ: وَمَا كَسَبَ

ছোট কলকলাহ: إِبْرَاهِيْم

৩.৮ সিফাত ১৩: লীন (لِيْن)

"লীন" অর্থ বিনা কষ্টে সহজে উচ্চারিত হওয়া। এই বৈশিষ্ট্যপূর্ণ হরফ ২টি, এগুলো হচ্ছেঃ (و ي) - যখন এরা "সাকিন" হয় এবং পূর্বের হরফে যবর থাকে। যেমনঃ بَيْتٌ، خَوْفٌ।

৩.৯ সিফাত ১৪: ইনহিরাফ (اِنْحِرَاف)

"ইনহিরাফ" অর্থ নিজ মাখরাজ থেকে ঝুঁকে নিকটবর্তী অপর হরফের মাখরাজের সাথে সংযুক্ত হওয়া। এই বৈশিষ্ট্যপূর্ণ হরফ ২টি, এগুলো হচ্ছেঃ (ل ر)। "লাম" নূনের মাখরাজের দিকে ঝুঁকে যায়, আর "রা" লামের মাখরাজের দিকে ঝুঁকে যায়, তাই লামের উচ্চারণ যথার্থ না হলে নূনের সাথে এর সাদৃশ্য তৈরী হয়, অপরপক্ষে রা এর উচ্চারণ যথার্থ না হলে লামের সাথে এর সাদৃশ্য তৈরী হয়। এজন্য এই দুটি হরফ উচ্চারণের সময় সতর্কতা অবলম্বন করতে হবে।

৩.১০ সিফাত ১৫: তাকরীর (تَكْرِير)

"তাকরীর" অর্থ জিহ্বার অগ্রভাগের কম্পন যার ফলে হরফের দ্বিরুক্তি হওয়ার প্রবণতা সৃষ্টি হয়। এই বৈশিষ্ট্যপূর্ণ হরফ ১টি, তা হচ্ছেঃ রা(ر)। "রা" এর পুনরাবৃত্তি হওয়ার প্রবণতা প্রবল হয় যখন তা তাশদীদ যুক্ত হয়। **রা এর পুনরাবৃত্তি কাম্য নয়**। বরং তা দমন করতে হবে। তাকরীর দমন করার জন্য জিহ্বাকে **একবার** মজবুতভাবে স্থাপন করতে হবে। তাকরীর দমন করার অর্থ এই নয় যে জিহ্বার কম্পন সম্পূর্ণরূপে বন্ধ হয়ে যাবে, বরং স্বাভাবিকভাবেই রা উচ্চারণের ক্ষেত্রে জিহ্বা কিছুটা প্রকম্পিত হয়ে থাকে, বরং উদ্দেশ্য হচ্ছে রা এর পুনরাবৃত্তি দমন করা।

৩.১১ সিফাত ১৬: তাফাশ্‌শী (التَّفَشِّي)

“তাফাশ্‌শী” অর্থ মুখের ভিতরে বাতাস ও শব্দ ছড়িয়ে পড়া। এই বৈশিষ্ট্যপূর্ণ হরফ ১টি, তা হচ্ছে: শীন(ش)।

৩.১২ সিফাত ১৭: ইসতিতালাহ (اِسْتِطَالَة)

এটি দ্বাদ(ض) এর বৈশিষ্ট্য । এর অর্থ জিহ্বার পাশের প্রথম অংশ থেকে লামের মাখরাজ পর্যন্ত শব্দের বিস্তৃতি।

৩.১৩ আরবী হরফের সিফাতের তালিকা

সিফাত	ব্যাখ্যা	হরফ
হাম্‌স	বাতাস নির্গত হওয়া	فَحَثَّهُ شَخْصٌ سَكَتْ
জাহর	বাতাস নির্গত না হওয়া	দশটি ছাড়া বাকীগুলো
শিদ্দাহ	শক্ত, আওয়াজ বন্ধ থাকা	أَجِدْ قَطٍ بَكَتْ
তাওয়াস্‌সুত	মাঝারী, কিছুক্ষণ আওয়াজ থাকা	لِنْ عُمَرْ
রাখাওয়াহ	নরম, আওয়াজ অব্যাহত থাকা	বাকীগুলো
ইসতি'লা	জিহ্বার পেছনের অংশ উঁচু করে উচ্চারণ করার ফলে আওয়াজ ভারী বা মোটা হওয়া	خُصَّ ضَغْطٍ قِظْ
ইসতিফাল	জিহ্বার পেছন উঁচু না হওয়ার ফলে আওয়াজ পাতলা হওয়া	সাতটি ছাড়া বাকীগুলো
ইতবাক	জিহ্বা তালুর অতি নিকটবর্তী হওয়ার ফলে আওয়াজ অতি মোটা হওয়া	ص ض ط ظ
ইনফিতাহ	ইতবাক না হওয়া	চারটি ছাড়া বাকীগুলো
ইযলাক	জিহ্বা অথবা ঠোঁটের প্রান্ত থেকে সহজে, হালকা ভাবে বিনা কষ্টে উচ্চারিত হওয়া	فِرَّ مِنْ لُبّ
ইসমাত	ইযলাক না হওয়া	ছয়টি ছাড়া বাকীগুলো
সফীর	বাড়তি তীক্ষ্ণ আওয়াজ	ز س ص
কলকলাহ	প্রতিধ্বনি	قُطْبُ جَدٍ
লীন	সাবলীলভাবে উচ্চারিত হওয়া	و ي
ইনহিরাফ	অপর মাখরাজের দিকে ঝোঁক	ل ر
তাকরীর	দ্বিরুক্তির প্রবণতা	ر
তাফাশ্‌শী	বাতাস ও শব্দ ছড়িয়ে পড়া	ش
ইসতিতালাহ	আওয়াজ বিস্তৃত হওয়া	ض

অধ্যায় ৪
নূন সাকিন ও তানউইন, তাশদীদ সহ নূন ও মীম এবং মীম সাকিন এর নিয়ম
(أَحْكَمُ الْمِيْمِ وَالنُّوْنِ السَّاكِنَتَيْنِ وَالْمُشَدَّدَتَيْنِ والتَّنْوِيْنِ)

কুরআনের কোন স্থানে নূন সাকিন (অর্থাৎ যে নূনের ওপর সুকূন বা জযম আছে) অথবা তানউইন আসলে একে অবস্থাভেদে নিম্নলিখিত চারটি নিয়মের যে কোন একটি অনুযায়ী পড়তে হয়ঃ

৪.১ নিয়ম ১ঃ স্পষ্ট করে পড়া (إِظْهَار)

নূন সাকিন অথবা তানউইনের পরে যদি হালক বা কণ্ঠনালীর ছয়টি হরফের (ء ه ع ح غ خ) কোনটি আসে তাহলে নূন সাকিন অথবা তানউইনকে স্পষ্ট করে স্বাভাবিকভাবে পড়তে হয়, একে ইযহার বলে।

৪.১.১ ইযহারের উদাহরণ

উদাহরণ (তানউইন)	উদাহরণ (নূন সাকিন)	হরফ
كُفُوًا أَحَد	يَنْأَوْنَ	ء
سَلاَمٌ هِيَ	فَلاَ تَنْهَرْ	هـ
يَوْمَئِذٍ عَنْ	أَنْعَمْتَ عَلَيْهِمْ	ع
نَارٌ حَامِيَة	وَانْحَرْ	ح
أَجْرٌ غَيْرُ مَمْنُوْنٍ	فَسَيُنْغِضُونَ	غ
ذَرَّةٍ خَيْراً	مَنْ خَافَ	خ

৪.২ নিয়ম ২: মিলিয়ে পড়া (إِدْغَام)

নূন সাকিন অথবা তানউইনের পরে নির্দিষ্ট ছয়টি হরফের কোনটি আসলে নূন সাকিন অথবা তানউইনকে পরবর্তী হরফের সাথে যুক্ত করে “তাশদীদ” সহকারে পড়তে হয়, একে ইদগাম বলে। এই ছয়টি হরফ হল:

ر ل م ن و ي

এগুলো সহজে মনে রাখার জন্য একটি বাক্য হল: **ইয়ারমালুন** (يَرْمَلُوْنَ)। ইদগাম গুন্নাহ সহ এবং গুন্নাহ ছাড়া হতে পারে।

এই ছয়টি হরফের মধ্যে চারটি হরফের ক্ষেত্রে গুন্নাহ সহ ইদগাম করতে হয়, এগুলো হল:

م ن و ي

এগুলো সহজে মনে রাখার জন্য একটি বাক্য হল: **ইয়ানমূ** (**يَنْمُو**)। গুন্নাহ সহ ইদগাম করার ক্ষেত্রে ১ আলিফ পরিমাণ সময় ব্যয় করতে হবে।

বাকী দুটি হরফ **লাম** ও **রা** এর ক্ষেত্রে গুন্নাহ ছাড়া ইদগাম করা হয়। গুন্নাহ ছাড়া ইদগামের ক্ষেত্রে সময় ব্যয় না করে পরিপূর্ণভাবে মিলিয়ে পড়তে হবে।

৪.২.১ ইদগামের উদাহরণ (গুন্নাহ সহ)

উদাহরণ (তানউইন)	উদাহরণ (নূন সাকিন)	হরফ
يَوْمَئِذٍ يَتَذَكَّرُ	مَنْ يَعْمَل	ي
حِطَّةٌ نَغْفِر	إِنْ نَفَعَتِ الذِّكْرَى	ن
حَبْلٌ مِنْ	مِنْ مَّسَد	م
لَهَبٍ وَتَبَّ	مِنْ وَّالٍ	و

৪.২.২ ইদগামের উদাহরণ (গুন্নাহ ছাড়া)

উদাহরণ (তানউইন)	উদাহরণ (নূন সাকিন)	হরফ
عِيْشَةٍ رَّاضِيَة	عَنْ رَّبِّهِم	ر
وَيْلٌ لِّكُلِّ	يَكُنْ لَّهُ	ل

৪.৩ নিয়ম ৩: পরিবর্তন করে পড়া (إِقْلَاب)

নূন সাকিন অথবা তানউইনের পরে বা(بِ) আসলে একে পরিবর্তন করে মীম হিসেবে উচ্চারণ করার বিধানকে ইকলাব অর্থাৎ পরিবর্তন করে পড়া বলা হয়। এক্ষেত্রে একই সাথে তিনটি কাজ করতে হয়:

ক. নূন সাকিন অথবা তানউইনের পরিবর্তে মীম পড়তে হয়।

খ. এই মীমকে অস্পষ্ট (إِخْفَاء) করে পড়তে হয়। একে অস্পষ্ট করার উপায় হল দুই ঠোঁটের মাঝে খুব সামান্য ফাঁক রাখা অথবা দুই ঠোঁট পরস্পর স্পর্শ করলেও চাপ কম দেয়া যেন তা অস্পষ্ট শোনায়।

গ. ১ আলিফ পরিমাণ গুন্নাহ করতে হয়।

৪.৩.১ ইকলাবের উদাহরণ

উদাহরণ (তানউইন)	উদাহরণ (নূন সাকিন)	হরফ
سَبَإٍ بِنَبَإٍ	مِنْ بَعْدِ	ب

৪.৪ নিয়ম ৪: অস্পষ্ট বা গোপন করে পড়া (إِخْفَاء)

নূন সাকিন অথবা তানউইনের পরে নির্দিষ্ট ১৫ টি হরফ (ইযহার, ইদগাম এবং ইকলাবের হরফ বাদে বাকী যেকোন হরফ) আসলে নূন সাকিন অথবা তানউইনকে গুন্নাহ সহ গোপন করে বা অস্পষ্ট ভাবে পড়তে হয়, একে ইখফা বলা হয়। গোপন করার পদ্ধতি হল পরবর্তী হরফের মাখরাজের নিকটবর্তী স্থান থেকে একে উচ্চারণ করা।

৪.৪.১ ইখফার উদাহরণ

উদাহরণ (তানউইন)	উদাহরণ (নূন সাকিন)	হরফ
نَاراً تَلَظّٰى	أَنْتُم	ت
مَاءً ثَجَّاجاً	مَنْ ثَقُلَتْ	ث
حُبّاً جَمّاً	أَنْجَيْنَاه	ج
دَكّاً دَكّاً	عِنْدَ	د
يَوْمٍ ذِيْ	لِيُنْذِرَ	ذ
نَفْساً زَكِيَّةً	أَنْزَلْنَا	ز
خَمْسَةٌ سَادِسُهُمْ	اَلإِنْسَانُ	س
سَبْعاً شِدَاداً	فَمَنْ شَاءَ	ش
صَفّاً صَفّاً	فَانْصَبْ	ص
قُوَّةٍ ضَعْفاً	مَنْضُوْد	ض
بَلْدَةٌ طَيِّبَةٌ	يَنْطِقُ	ط
ظِلاًّ ظَلِيْلاً	فَانْظُرُوا	ظ
إِطْعَامٌ فِيْ	أَنْفُسَهُمْ	ف
عَذَاباً قَرِيْباً	أَنْقَضَ	ق
إِذاً كَرَّةٌ	مِنْكُمْ	ك

৪.৫ নূন সাকিন এবং তানউইনের নিয়মের সংক্ষিপ্ত চার্ট

হুকুম	পরবর্তী হরফ	
ইযহার	ء ه ع ح غ خ	
ইদগাম	يَرْمَلُوْنَ	
	গুন্নাহ সহ	গুন্নাহ ছাড়া
	يَنْمُو	ل ر
ইকলাব	ب	
ইখফা	ওপরের হরফগুলো বাদে বাকীগুলো	

৪.৬ মীম ও নূনের ওপর তাশদীদ

নূন অথবা মীমের ওপর তাশদীদ থাকলে ১ আলিফ পরিমাণ গুন্নাহ করতে হবে।

৪.৬.১ গুন্নাহর উদাহরণ

উদাহরণ	ঘরফ
عَمَّ يَتَسَاءلُونَ	مّ
إِنَّ الَّذِينَ آمَنُوا	نّ

৪.৭ মীম সাকিন এর নিয়ম

কুরআনের কোন স্থানে মীম সাকিন আসলে একে নিম্নলিখিত তিনটি নিয়মের যেকোন একটি অনুযায়ী পড়তে হয়:

৪.৭.১ ইখফা অর্থাৎ অস্পষ্ট করে পড়া

মীম সাকিনের পরে বা(بْ) হরফটি আসলে মীমকে গুন্নাহ সহ অস্পষ্ট করে পড়া হয়। মীমকে অস্পষ্ট করার উপায় হল দুই ঠোঁটের মাঝে খুব সামান্য ফাঁক রাখা অথবা দুই ঠোঁট পরস্পর স্পর্শ করলেও চাপ কম দেয়া যেন তা অস্পষ্ট শোনায়। সেই সাথে ১ আলিফ পরিমাণ গুন্নাহ করতে হবে।

৪.৭.২ ইদগাম বা যুক্ত করে পড়া

মীম সাকিনের পরে মীম (م) আসলে উভয় মীমকে যুক্ত করে তাশদীদ দিয়ে ১ আলিফ গুন্নাহ সহকারে পড়া হয়।

৪.৭.৩ ইযহার বা স্পষ্ট করে পড়া

মীম সাকিনের পরে **বা** ও **মীম** বাদে অন্য যে কোন হরফ আসলে মীমকে স্পষ্ট করে স্বাভাবিকভাবে পড়তে হয়। এর মধ্যে বিশেষভাবে লক্ষণীয় হল ওয়াও(و) ও ফা(ف), কেননা এ দুটো হরফের একটি পরে আসলে মীমের ইখফা বা অস্পষ্ট হওয়ার প্রবণতা তৈরী হয়, তাই و এবং ف তে ইখফা না করার ব্যাপারে বিশেষভাবে সতর্ক হতে হবে।

৪.৮ মীম সাকিনের বিভিন্ন নিয়মের চার্ট ও উদাহরণ

নিয়ম	পরবর্তী হরফ	উদাহরণ
ইখফা অর্থাৎ অস্পষ্ট করে পড়া	ب	فَاحْكُمْ بَيْنَهُم
ইদগাম অর্থাৎ মিলিয়ে পড়া	م	كَمْ مِّنْ
ইযহার অর্থাৎ স্পষ্ট করে পড়া	অন্যান্য হরফ	ذَرَأَكُمْ فِي الْأَرْضِ أَنْتُم وَ شُرَكَاءُكُم

অধ্যায় ৫
মাদ্দের প্রকারভেদ ও বিধান
(أَقْسَامُ الْمَدِّ وأَحْكَامُهَا)

আরবী ভাষায় কিছু হরফ টেনে পড়তে হয়। এই টানের নির্দিষ্ট মাত্রা আছে, বিশুদ্ধ আরবী ভাষাভাষীদের কাছ থেকে শুনে এই টানের পরিমাণ বোঝা যায়। আরবী ভাষায় স্বাভাবিকভাবে বিদ্যমান মাদ্দ বা টানের পাশাপাশি আল-কুরআন তিলাওয়াতের ক্ষেত্রে কিছু অতিরিক্ত মাদ্দ বা টানের বিধান রয়েছে, এই অধ্যায়ে এই সকল মাদ্দের প্রকারভেদ ও এগুলোর দৈর্ঘ্য বর্ণনা করা হবে।

৫.১ মাদ্দের হরফ

মাদ্দের হরফ তিনটি: ا ي و

অর্থাৎ আল-কুরআনের কোথাও আলিফ, মাদ্দের ইয়া (অর্থাৎ ইয়া সাকিন যার পূর্বের হরফে যের আছে) অথবা মাদ্দের ওয়াও (অর্থাৎ ওয়াও সাকিন যার পূর্বের হরফে পেশ আছে) আসলে সেস্থানে টেনে পড়তে হবে। যেমন :

نُوْحِيْهَا

এই শব্দে আলিফ, মাদ্দের ইয়া এবং মাদ্দের ওয়াও - এই তিনটি হরফের সমন্বয় ঘটেছে। ফলে একে টেনে পড়তে হবে:

নূউ-হীই-হা

৫.২ মাদ্দের প্রকারভেদ

মাদ্দ ২ ভাগে বিভক্ত:

১) আসলী(الأَصْلِيّ) বা তাবী'ঈ(الطَّبِيْعِيّ) অর্থাৎ স্বাভাবিক মাদ্দ

২) ফারঈ অর্থাৎ স্বাভাবিক মাদ্দ থেকে উদ্ভূত মাদ্দ (المَدُّ الفَرْعِيّ)

৫.২.১ মাদ্দ আসলী বা তাবী'ঈ

মাদ্দ আসলী অর্থাৎ স্বাভাবিক মাদ্দ হল এমন মাদ্দ যার শুরুতে হামযা এবং পরে হামযা অথবা সুকুন নেই। এর পরিমাণ হচ্ছে ১ আলিফ অথবা ২ হরকত। ১ আলিফ কতক্ষণ তা শিক্ষকের কাছ থেকে শুনে শিখতে হবে, এছাড়া তা জানার দ্বিতীয় কোন উপায় নেই।

উদাহরণ: نُوْحِيْهَا বিধান: ১ আলিফ।

৫.২.১.১ যে মাদ্দ মাদ্দে আসলীর বিধান অনুসরণ করে

কিছু মাদ্দ আছে যা সংজ্ঞা অনুযায়ী মাদ্দে আসলী না হলেও একে মাদ্দে আসলীর সমপরিমাণ টানা হয়, যেমন:

৫.২.১.১.১ মাদ্দ সিলা সুগরা (مَدُّ الصِّلَة الصُغْرَى)

আরবীতে নামপুরুষ একবচনের জন্য পুংলিঙ্গে যে সংযুক্ত সর্বনাম ব্যবহৃত হয়, যা কিনা শব্দের শেষে হা-পেশ (هُ) বা হা-যের (هِ) আকারে আসে, সেই হা-পেশ ও হা-যের কে এক আলিফ টেনে পড়া হয়, এই টানকে মাদ্দ সিলা সুগরা বলা হয়।

উদাহরণ: إِنَّهُۥ كَانَ বিধান: ১ আলিফ।

উদাহরণ: لِّنُخْرِجَ بِهِۦ حَبًّا বিধান: ১ আলিফ।

এখানে প্রথম উদাহরণে ১ আলিফ টেনে **ইন্নাহূ-কানা** পড়া হবে, দ্বিতীয় উদাহরণে ১ আলিফ টেনে **বিহী-হাব্বা** পড়া হবে।

এ ধরনের হা-পেশ বা হা-যেরের পরে হামযা আসলে সেই মাদ্দ পরিবর্তিত হয়ে মাদ্দ সিলা কুবরা - তে পরিণত হয়, এর বিবরণ সামনে আসছে।

তবে এই ধরনের **হা** এর পূর্ববর্তী হরফে যদি সুকূন (অর্থাৎ জযম) থাকে, তবে একে টানা হয় না, যেমন:

উদাহরণ: عَنْهُ مَالُهُۥ

উদাহরণ: فِيهِ هُدًى

এখানে প্রথম উদাহরণে না টেনে **আনহুমালুহূ** পড়া হবে, দ্বিতীয় উদাহরণে না টেনে **ফিইহিহুদা** পড়া হবে।

৫.২.১.১.২ মাদ্দ ইওয়াদ (مَدُّ العِوَض)

কোন শব্দের শেষে যদি দুই যবর হিসেবে তানউইন থাকে, তবে সেই শব্দের শেষে ওয়াকফ(অর্থাৎ তিলাওয়াতে বিরতি) করার সময় তানউইন না পড়ে এক আলিফ টেনে থামতে হয়, এই মাদ্দকে মাদ্দ ইওয়াদ বলে।

উদাহরণ: أَفْوَاجًا বিধান: ১ আলিফ।

এখানে **আফওয়াজান** শব্দে ওয়াকফ করার সময় **আফওয়াজা-** পড়ে থামা হয়। এই মাদ্দের পরিমাণ ১ আলিফ।

৫.২.২ মাদ্দ ফার'ঈ

এমন মাদ্দ যার সাথে মাদ্দকে বৃদ্ধি করার কারণ (سَبَب) উপস্থিত, আর এই কারণ হচ্ছে হামযা অথবা সুকূন। মাদ্দ ফার'ঈকে দুটি শ্রেণীতে বিভক্ত করা যায়: ১) হামযার কারণ উদ্ভূত ও ২) সুকূনের কারণে উদ্ভূত ফারঈ মাদ্দ।

৫.২.২.১ হামযার কারণে উদ্ভূত ফারঈ মাদ্দ

এই মাদ্দ চার প্রকার:

৫.২.২.১.১ মাদ্দ মুত্তাসিল (المَدُّ المُتَّصِلُ)

মাদ্দের পরে একই শব্দে হামযা আসলে, একে মাদ্দ মুত্তাসিল বলা হয়, এর পরিমাণ ২ আলিফ বা ৪ হরকত। ২ আলিফ ১ আলিফের তুলনায় বেশী, তা ঠিক কতটুকু সেটা শিক্ষকের কাছ থেকে শুনে শিখতে হবে।

উদাহরণ: جَآءَ বিধান: ২ আলিফ।

এখানে ২ আলিফ টেনে **জা--আ** পড়তে হবে।

৫.২.২.১.২ মাদ্দ মুনফাসিল (الْمَدُّ الْمُنْفَصِلُ)

মাদ্দের পরে ভিন্ন শব্দে হামযা আসলে, একে মাদ্দ মুনফাসিল বলা হয়। এর পরিমাণও ২ আলিফ বা ৪ হরকত[১২]।

উদাহরণ: إِنَّآ أَعْطَيْنَٰكَ বিধান: ২ আলিফ।

এখানে ২ আলিফ টেনে **ইন্না--আত্বাইনাকা** পড়তে হবে।

৫.২.২.১.৩ মাদ্দ বাদাল (مَدُّ الْبَدَل)

মাদ্দের হরফের পূর্বে হামযা আসলে তাকে মাদ্দ বাদাল বলা হয়। এর পরিমাণও ১ আলিফ। তবে কোন কোন রিওয়ায়েতে এর পরিমাণ ১ আলিফের চেয়ে বেশী হয়ে থাকে।

উদাহরণ: ءَامَنَهُم . لِإِيلَٰفِ . ٱلْأُولَىٰ বিধান: ১ আলিফ।

উচ্চারণ: আ-মানাহুম, লিই-লাফি, আলঊ-লা

৫.২.২.১.৪ মাদ্দ সিলা কুবরা (مَدُّ الصِّلَة الكُبْرَى)

মাদ্দ সিলা সুগরার পরে হামযা আসলে তাকে মাদ্দ সিলা কুবরা বলা হয়। একে ২ আলিফ পরিমাণ টানা হয়।

[১২] ইমাম আশ-শাতিবীর পদ্ধতি অনুযায়ী হাফস রিওয়ায়েতে মাদ্দ মুনফাসিল ২ আলিফ, অন্য পদ্ধতিতে এর পরিমাণে ভিন্নতা আছে।

উদাহরণ: مَالَهُۥٓ إِذَا বিধান: ২ আলিফ।

উদাহরণ: بِهِۦٓ إِلَّا বিধান: ২ আলিফ।

এখানে প্রথম উদাহরণে ২ আলিফ টেনে **মালুহূ--ইযা** পড়া হবে, দ্বিতীয় উদাহরণে ২ আলিফ টেনে **বিহী--ইল্লা** পড়া হবে।

৫.২.২.২ সুকুনের কারণে উদ্ভূত ফারঈ মাদ্দ
এই মাদ্দ তিন প্রকার:

৫.২.২.২.১ মাদ্দ আরিদ লিস্‌সুকুন (المَدُّ العَارِضُ لِلسُّكُون)

মাদ্দের পর ওয়াকফ করা অর্থাৎ থামার কারণে অস্থায়ী সুকূন আসলে তাকে মাদ্দ আরিদ লিস্‌সুকূন বা সংক্ষেপে মাদ্দ আরিদ বলা হয়। এ ধরনের মাদ্দকে ১ আলিফ, ২ আলিফ বা ৩ আলিফ টানা যায়:

উদাহরণ: ٱلْعِمَاد . ٱلْفِيلِ . مَّأْكُول ১/২/৩ আলিফ

